

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
 প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
 প্রবাসী কল্যাণ ভবন  
 ৭১-৭২ পুরাতন এলিফ্যান্ট রোড, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০  
 শাখা-০২৪ (কল্যাণ)  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

নং-৪৯.০০.০০০০.০২৪.০০.০৪৪.১৬. ১০৯৮

২৫/১১/২০১৯খ্রিঃ  
 তারিখঃ-----  
 ১০, কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ

**পরিপত্র**

**বিষয় : বিদেশগামী বাংলাদেশি কর্মীদের জন্য বাধ্যতামূলক বীমা ব্যবস্থা।**

বিদেশ গমনেচ্ছু/প্রবাসী বাংলাদেশি কর্মীদের অধিকতর সুরক্ষার জন্য বাধ্যতামূলক বীমা ব্যবস্থা চালু করার বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর সদয় নির্দেশনার পরিপ্রেক্ষিতে অত্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট অন্যান্য অংশীজনের সাথে পরামর্শক্রমে বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ কর্তৃক একটি জীবন বীমা নীতিমালা প্রণয়ন করা হয়েছে। উক্ত নীতিমালা অনুযায়ী বিদেশগামী বাংলাদেশি কর্মীদের জন্য নিম্নোক্ত দু'টি বীমা ব্যবস্থা থাকবেঃ

**ক. পরিকল্প -১**

- বিদেশগামী কর্মীদের বয়স ১৮-৫৮ বৎসর বীমা সুবিধার আওতাভুক্ত;
- বীমার মেয়াদ ০২ (দুই) বছর
- বীমা অংক ২,০০,০০০/- (দুই লক্ষ টাকা)
- প্রদেয় প্রিমিয়াম ৯৯০/- (নয় শত নব্বই) টাকা

**খ. পরিকল্প -২**

- বিদেশগামী কর্মীদের বয়স ১৮-৫৮ বৎসর বীমা সুবিধার আওতাভুক্ত;
- বীমার মেয়াদ ০২ (দুই) বছর
- বীমা অংক ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ টাকা)
- প্রদেয় প্রিমিয়াম ২,৪৭৫/- ( দুই হাজার চার শত পচাত্তুর) টাকা

সকল বিদেশগামী কর্মীর জন্য বীমা বাধ্যতামূলক। বিদেশগামী কর্মী পরিকল্প-১ ও পরিকল্প-২ এর মধ্যে যে কোনো একটি গ্রহণ করতে পারবেন।


পরিকল্প-১ এর প্রিমিয়াম ৯৯০/- টাকার মধ্যে ৫০০/- টাকা সরকারের পক্ষে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের তহবিল থেকে এবং অবশিষ্ট ৪৯০/- টাকা সংশ্লিষ্ট বিদেশগামী কর্মী কর্তৃক বহন করা হবে। পরিকল্প-১ এর পরিবর্তে কোনো বিদেশগামী পরিকল্প-২ গ্রহণ করতে ইচ্ছুক হলে তাঁর ক্ষেত্রেও ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের তহবিল থেকে ৫০০/- টাকা প্রদান করা হবে এবং অবশিষ্ট প্রিমিয়াম (২,৪৭৫-৫০০=) ১,৯৭৫/- টাকা বিদেশগামী কর্মীকে বহন করতে হবে।

প্রাথমিকভাবে প্রস্তাবিত বীমা ব্যবস্থাটি ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের সার্বিক তত্ত্বাবধানে জীবন বীমা কর্পোরেশন কর্তৃক বাস্তবায়িত হবে। বীমা ব্যবস্থা সঠিকভাবে বাস্তবায়নের লক্ষ্যে পাইলট প্রকল্প হিসেবে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড ও জীবন বীমা কর্পোরেশনের মধ্যে একটি চুক্তি স্বাক্ষরিত হবে।



২। বর্ণিত অবস্থায়, বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ এর ধারা ২০ অনুযায়ী বিদেশগামী কর্মীদের বহির্গমন ছাড়পত্র পাওয়ার জন্য উল্লিখিত জীবন বীমা পলিসি গ্রহণ বাধ্যতামূলক বলে বিবেচিত হবে এবং তদনুযায়ী কর্মসংস্থানের জন্য বিদেশগামী সকল কর্মীকে উক্ত ছাড়পত্রের জন্য প্রদেয় অন্যান্য ফি'র সঙ্গে প্রযোজ্য বীমা প্রিমিয়াম প্রদান করতে হবে।

৩। বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ এর ধারা ৩ ও ধারা ৪৭ এ প্রদত্ত ক্ষমতাবলে উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।



(সঞ্জীব কুমার দেবনাথ)

উপসচিব

ফোন-৪১০৩০২৩০


নং-৪৯.০০.০০০০.০২৪.০০.০৪৪.১৬. ২০২৮

তারিখঃ ২৫/১১/২০১৯খ্রিঃ

১০ কার্তিক, ১৪২৫বঙ্গাব্দ

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৩. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
(দৃঃআঃ মোঃ হুমায়ুন কবির, যুগ্মসচিব (বীমা)।
৪. সচিব, অর্থবিভাগ, অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. চেয়ারম্যান/ব্যবস্থাপনা পরিচালক, জীবন বীমা কর্পোরেশন, ২৪ মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।
৬. চেয়ারম্যান, বীমা উন্নয়ন ও নিয়ন্ত্রণ কর্তৃপক্ষ, দিলকুশা, মতিঝিল বা/এ, ঢাকা।
৭. অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
৮. মহাপরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৯. মহাপরিচালক, জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
১০. সভাপতি, বায়রা, ১৩০ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০।
১১. ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, ঢাকা।
১২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)।
১৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)।
১৪. অফিস কপি



(সঞ্জীব কুমার দেবনাথ)

উপসচিব

ফোন-৪১০৩০২৩০